**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**
(সাধারণ ও সংস্থাপন শাখা)

# নিয়োগ বিজ্ঞপ্তি

নিয়োগ বিজ্ঞপ্তি নম্বরঃ ০১/২০১৮ খ্রিঃ তারিখঃ /০৯/২০১৮ খ্রিঃ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নলিখিত শূন্য পদ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

| পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী পদের বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| দারোয়ান | ০৮ | টাঃ ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০) | ন্যূনতম ৮ম শ্রেণী পাস অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন। |

**শর্তাবলীঃ-**

১। নির্ধারিত ফরমে আবেদনপত্র ও প্রবেশপত্র এবং মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের নির্ধারিত ফরমে অতিরিক্ত তথ্যাদি স্বহস্তে পূরণ করে আগামী ০৯/০৯/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সাধারণ ও সংস্থাপন শাখা, কক্ষ নং-১১২, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা-১০০০ বরাবরে ডাকযোগে, কুরিয়ার সার্ভিসের মাধ্যমে অথবা সরাসরি পৌঁছাতে হবে। বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েব সাইট (www.supremecourt.gov.bd) হতে ডাইনলোডকৃত আবেদনপত্রের নির্ধারিত ফরম ও প্রবেশপত্র অথবা উক্ত ডাউনলোডকৃত ফরম/প্রবেশপত্রের ফটোকপি ব্যবহার করে আবেদন করা যাবে।

২। প্রার্থীর বয়সসীমা দরখাস্ত দাখিলের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং চাকরীরত প্রার্থীকে নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বয়সের ক্ষেত্রে কোনো প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্রের সাথে ছবি ও ট্রেজারী চালান ব্যতিত অন্য কোনো কাগজপত্র দাখিলের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে ও আবেদনপত্রে উল্লিখিত অন্যান্য কাগজপত্রের মূল কপি এবং উক্ত সনদপত্র ও কাগজপত্রের এক সেট ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক তাঁর নামযুক্ত সীলসহ সত্যায়নপূর্বক দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে ১-৬১২১-০০২০-২০৩১ নং কোডের বিপরীতে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারী চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে পোস্টাল অর্ডার বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার কোনো অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না। আবেদনের সাথে কোনো পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার দাখিল করা হলে তা সুপ্রীম কোর্টের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৫। **উল্লেখ্য যে, নিয়োগ বিজ্ঞপ্তি নম্বর ০১/২০১৭ তারিখ ০৬/০৭/২০১৭ মোতাবেক দৈনিক ভোরের কাগজ এবং দৈনিক ইত্তেফাক পত্রিকায় যথাক্রমে বিগত ০৭/০৭/২০১৭ খ্রিঃ এবং বিগত ০৮/০৭/২০১৭ খ্রিঃ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক উপরিউক্ত পদে ইতোপূর্বে যারা আবেদনপত্র দাখিল করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।**

৬। নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

৭। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকরীর নিশ্চয়তা প্রদান করে না। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে উক্ত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিলুপ্ত করা এবং আবেদনকারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও উৎকর্ষতার ভিত্তিতে সীমিত সংখ্যক প্রার্থীকে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ প্রদানের সর্বময় ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

আদেশক্রমে

(মোঃ আবদুর রহমান) ৩০/৮/২০১৮
ডেপুটি রেজিস্ট্রার
(সার্বিক ও আদি অধিক্ষেত্র)
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## হাইকোর্ট বিভাগ,ঢাকা।
### চাকরির আবেদন ফরম

এখানে পাসপোর্ট সাইজের (সম্প্রতি তোলা ০২ কপি) ছবি আঠা দিয়ে লাগাতে হবে।

| | | | |
|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | | তারিখঃ |
| ৩. | প্রার্থীর নাম | বাংলায়ঃ | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে)ঃ | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | |
| ৫. | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান (জেলা)ঃ |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | বছর | মাস / দিন |
| ৮. | মাতার নামঃ | | |
| ৯. | পিতার নামঃ | | |

| ১০. ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|
| বাসা ও সড়ক (নাম/নম্বর)ঃ | | |
| গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| ডাকঘরঃ | | |
| পোস্টকোড নম্বরঃ | | |
| উপজেলাঃ | | |
| জেলাঃ | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগঃ | মোবাইল নম্বরঃ | ই-মেইলঃ |
| ১২. | জাতীয়তাঃ | ১৩. | জেন্ডারঃ |
| ১৪. | ধর্মঃ | ১৫. | পেশাঃ |

১৬. শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/ বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৭. অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে)ঃ

১৮. অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/ শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্যঃ |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ | | | তারিখঃ |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর পূর্ণস্বাক্ষরঃ

| রোল নম্বরঃ<br><br>(অফিস কর্তৃক পূরণীয়) | **বাংলাদেশ সুপ্রীম কোর্ট**<br>**হাইকোর্ট বিভাগ, ঢাকা**<br>**(সাধারণ ও সংস্থাপন শাখা)** | এখানে পাসপোর্ট সাইজের ১ কপি ছবি আঠা দিয়ে লাগাতে হবে |
|---|---|---|

**প্রবেশপত্র**

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগে নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত তারিখ, সময় ও স্থানে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলঃ

| আবেদনকারী কর্তৃক পূরণীয় |
|---|
| পদের নামঃ |

| অফিস কর্তৃক পূরণীয় | |
|---|---|
| পরীক্ষা, তারিখ ও সময় | পরীক্ষার স্থান |
| | বাংলাদেশ সুপ্রীম কোর্ট<br>হাইকোর্ট বিভাগ, ঢাকা। |

সভাপতি
নিয়োগ কমিটি
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

| **প্রেরকঃ**<br>সভাপতি<br>নিয়োগ কমিটি<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট<br>হাইকোর্ট বিভাগ, ঢাকা। | আবেদনকারী কর্তৃক পূরণীয় |
|---|---|
| | প্রতি, |
| | প্রার্থীর নামঃ |
| | পিতা/স্বামীঃ |
| | বর্তমান ঠিকানাঃ |
| | গ্রাম/ ওয়ার্ড/মহল্লাঃ |
| | ডাকঘরঃ |
| | উপজেলা/থানাঃ |
| | জেলাঃ |

**বিঃদ্রঃ** পরীক্ষার বিস্তারিত আসন বন্টন পরীক্ষার দিন বাংলাদেশ সুপ্রীম কোর্টের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট ভবনের সামনে প্রদর্শন করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মোবাইল ফোন, ক্যালকুলেটর, হাত ঘড়ি বা অন্য কোন ইলেক্ট্রনিক সরঞ্জামাদি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ এবং পরীক্ষা চলাকালে নিজের কাছে রাখা যাবে না। পরীক্ষার্থীর কর্তৃক পরীক্ষায় কোন প্রকার অসাদুপায় অবলম্বন বা প্রতারনা পরীক্ষার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।